


ঢাকা বিশ্ববিদ্যালয়  
বিজ্ঞপ্তি

অত্র অফিসের ০৬-০৭-২০২১ তারিখের রেজি./প্রশা-৩/৫২০৩৭-সি সংখ্যক বিজ্ঞপ্তির ক্রমধারায় আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (COVID-19 Pandemic)-এর কারণে উদ্ভূত পরিস্থিতিতে সরকার কর্তৃক কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলী/চলাচলে আরোপিত বিধিনিষেধ ১৪.০৭.২০২১ তারিখ মধ্যরাত থেকে ২৩.০৭.২০২১ তারিখ সকাল ০৬:০০টা পর্যন্ত শিথিল করায় অত্র বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ আগামী ১৫.০৭.২০২১ তারিখ স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে সকাল ৯:০০টা থেকে অপরাহ্ন ০২:০০টা পর্যন্ত খোলা থাকবে। এছাড়া পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে আগামী ১৮.০৭.২০২১ থেকে ২২.০৭.২০২১ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অফিস ছুটি বহাল থাকবে।

পরবর্তীতে ২৩.০৭.২০২১ থেকে ০৫.০৮.২০২১ তারিখ পর্যন্ত পুনরায় সরকারি বিধিনিষেধ কার্যকর হবে বিধায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ আগামী ২৩.০৭.২০২১ থেকে ০৫.০৮.২০২১ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। এসময়ে জরুরি পরিসেবাসমূহ যেমন: পানি, বিদ্যুৎ, গ্যাস, চিকিৎসা, ইন্টারনেট সেবা, নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ জরুরি ব্যবস্থাপনা এই ছুটির আওতামুক্ত থাকবে। অধিকাংশ কার্যাবলী তনলাইনে সম্পন্ন করতে হবে। যারা দায়িত্বপ্রাপ্ত নন বিশ্ববিদ্যালয়ের এমন সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী এই ছুটির সময়ে নিজ নিজ বাসায় অবস্থান করবেন। তবে অতি জরুরী প্রয়োজনে কর্মস্থল ত্যাগের ক্ষেত্রে অফিস প্রধান/কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। বহিরাগত কাউকে ক্যাম্পাসে প্রবেশ ও অবস্থান না করার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সময়ে সংশ্লিষ্ট আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা জোরদার করার জন্য অনুরোধ করা হলো।

প্রশাসনিক ভবন  
ঢাকা বিশ্ববিদ্যালয়

  
রেজিস্ট্রার  
ঢাকা বিশ্ববিদ্যালয়

৩০/৬/১৪২৮ বঙ্গাব্দ

স্মারক নং রেজি./প্রশা-৩/৫২৬৬৭সি

তারিখ: \_\_\_\_\_  
১৪/০৭/২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):